জাতীয় যুব দিবস ঘোষণার দাবিতে মেহেরপুরে মানববন্ধন ও কর্মীসভা

১৮ এপ্রিলকে জাতীয় যুব দিবস ঘোষণার দাবিতে মেহেরপুর জেলা যুব ইউনিয়নের উদ্যোগে মানববন্ধন কর্মসূচি পালিত হয়েছে। একই সঙ্গে একটি কর্মীসভাও অনুষ্ঠিত হয়।

শুক্রবার আয়োজিত মানববন্ধনে বক্তারা বলেন, দেশের উন্নয়ন ও অগ্রগতিতে যুব সমাজের ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই যুবদের স্বীকৃতি দিতে ১৮ এপ্রিলকে জাতীয় যুব দিবস হিসেবে ঘোষণা করা জরুরি।

মানববন্ধন শেষে যুবনেতা অ্যাডভোকেট মিজানুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মীসভায় সংগঠনের বিভিন্ন কার্যক্রম নিয়ে আলোচনা করা হয়।

এ সময় উপস্থিত ছিলেন রাজন, পাভেল, মাফুজ, উষা, ঝন্টু, মনিরুল, সায়েমসহ সংগঠনের অন্যান্য সদস্যরা।

ঝিনাইদহে জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস পালিত

‘প্রযুক্তি নির্ভর যুবশক্তি, বহুপাক্ষিক অংশীদারিত্বে অগ্রগতি’ এ শ্লোগানে ঝিনাইদহে জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস পালন করা হয়েছে।

জেলা প্রশাসন ও জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের আয়োজনে আজ মঙ্গলবার সকালে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে একটি র্যালী বের করা হয়। র্যালীটি শহরের বিভিন্ন সড়ক ঘুরে একই স্থানে গিয়ে শেষ হয়। পরে যুব ভবনের হলরুমে আলোচনা সভার আয়োজন করা হয়।

যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক বিলকিস আফরোজের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন, অতিরিক্ত জেলা প্রশাসক মোহাম্মদ সাইফুর রহমান। বিশেষ অতিথি ছিলেন, সিভিল সার্জন ডা: কামরুজ্জামান, অতিরিক্ত পুলিশ সুপার ইমরান জাকারিয়া, পরিবার পরিকল্পনার উপ-পরিচালক ডা: মোজাম্মেল করিম, জেলা তথ্য অফিসার আব্দুর রউফ।

আলোচনা সভা শেষে ১৩ জন প্রশিক্ষিত যুবকদের মাঝে ২১ লাখ টাকার ঋণের চেক বিতরণ করা হয়। এছাড়া প্রশিক্ষিত ও সফল যুব উদ্যোক্তাদের ক্রেস্ট ও সনদ প্রদাণ করা হয়।

মেহেরপুরে জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস উদযাপন

জাতীয় ও আন্তর্জাতিক যুব দিবস উপলক্ষে মেহেরপুরে অনুষ্ঠিত হয়েছে বর্ণাঢ্য র্যালি ও আলোচনা সভা।

মঙ্গলবার সকালে মেহেরপুর জেলা প্রশাসন ও যুব উন্নয়ন অধিদপ্তরের যৌথ উদ্যোগে জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গণ থেকে র্যালিটি শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে সদর উপজেলা পরিষদ চত্বরে গিয়ে শেষ হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলামের নেতৃত্বে র্যালিতে উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা. এ কে এম আবু সাঈদ, জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক মো. হামিদুর রহমান, সহকারী পরিচালক এস এম উবায়দুল বাশার, পুলিশ পরিদর্শক বজলুর রশিদ, আমিনুল ইসলামসহ সরকারি দপ্তরের কর্মকর্তা-কর্মচারী ও যুব প্রতিনিধিরা।

র্যালির পূর্বে জেলা প্রশাসক কার্যালয় প্রাঙ্গণে বেলুন উড়িয়ে দিবসটির আনুষ্ঠানিক উদ্বোধন করেন অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম। পরে সদর উপজেলা পরিষদের হল রুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে জাতীয় যুব দিবস পালিত

“প্রশিক্ষিত যুব, উন্নত দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ” এ প্রতিপাদ্যে মেহেরপুরে পালিত হয়েছে জাতীয় যুব দিবস। দিবসটি উপলক্ষে আজ সকাল সাড়ে ৯ টার সময় জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের অফিস থেকে একটি শোভাযাত্রা বের করা হয়।

জেলা পরিষদের নব-নির্বাচিত চেয়ারম্যান অ্যাডভোকেট আব্দুস সালামের নেতৃত্ব শোভাযাত্রা টি মেহেরপুর-কুষ্টিয়া প্রধান সড়ক প্রদক্ষিন শেষে একই স্থানে গিয়ে শেষ হয়।

অতিরিক্ত জেলা প্রশাসক আশরাফুজ্জামান ভূঁইয়া, অতিরিক্ত পুলিশ সুপার জামিরুল ইসলাম, জেলা যুব উন্নয়নের দপ্তরের উপ-পরিচালক কে এম জাহিদ হোসেন, জেলা যুব উন্নয়ন অধিদপ্তরের সহকারী পরিচালক, এস এম ওবায়দুল বাশার, কো-অর্ডিনেটর লক্ষন বাহাদুর, সদর উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা বিপ্লব কুমার কুন্ডু সহ বিভিন্ন শ্রেণী পেশার মানুষ শোভাযাত্রায় অংশ নেয়।

পরে যুব ভবনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গায় জাতীয় যুব দিবস পালিত

প্রশিক্ষিত যুব, উন্নত দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ এই প্রতিপাদ্য কে সামনে নিয়ে চুয়াডাঙ্গায় পালিত হয়েছে জাতীয় যুব দিবস ২০২২ পালন করা হয়েছে।

জাতীয় যুব দিবস উপলক্ষে চুয়াডাঙ্গা যুব উন্নয়ন অধিদপ্তরে সকাল

সাড়ে দশটার সময় এই দিবস উপলক্ষে যুব র্যালি আলোচনা সভা যুব ঋণের চেক বিতরণ করা হয়েছে।

চুয়াডাঙ্গা যুব উন্নয়ন অধিদপ্তরের উপ-পরিচালক মাসুদ আহমেদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

চুয়াডাঙ্গা জাতীয় যুব দিবস উপলক্ষে প্রধান অতিথির বক্তব্যে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান বলেন, ২০৪১ সালের মধ্যে বাংলাদেশ উন্নত দেশে পরিণত হবে আর এই আগ্রযাএার প্রধান কান্ডি এই যুব সমাজ। যুব সমাজ একটি দেশের প্রাণশক্তি। তরুণরাই দেশকে উন্নত অবস্থানে নিয়ে যেতে পারে। মাদক ও জঙ্গিবাদ যেন যুবসমাজকে বিপথগামী না সেদিকে নজর দেওয়ার জন্য বিশেষ ভাবে লক্ষ রাখতে হবে।

তিনি আরও বলেন, যুব উন্নয়ন অধিদপ্তর বিভিন্ন ট্রেডে যুবক ও যুব মহিলাদের প্রশিক্ষণ দেয়। সময়ের সঙ্গে প্রশিক্ষণে প্রোগ্রামিং ও ফ্রিল্যান্সিংয়ের মতো আধুনিক বিষয় যুক্ত হয়েছে।

জাতীয় যুব দিবসে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার আবু তারেক, চুয়াডাঙ্গা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্রের অধ্যক্ষ মোছাব্বেরুর জামান, চুয়াডাঙ্গা এনএসআই ডিডি জামিল সিদ্দিক, চুয়াডাঙ্গা জেলা প্রশাসক কার্যালয়ের নেজারত ডেপুটি কালেক্টর শেখ সাদাত হোসেন, চুয়াডাঙ্গা প্রেস ক্লাবের সভাপতি সরদার আল আমিন সহ যুব উন্নয়ন অধিদপ্তরে কর্মকর্তা এবং বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণার্থী উপস্থিত ছিলেন।

আলোচনা সভা শেষে চুয়াডাঙ্গা জেলা প্রশাসক ও চুয়াডাঙ্গায় জাতীয় যুব দিবসের প্রধান অতিথি মোহাম্মদ আমিনুল ইসলাম খান বিভিন্ন ট্রেডের ছাএ-ছাএীদের মাঝে যুব ঋণের চেক বিতরণ করেন।

মেহেরপুরে বঙ্গবন্ধু জাতীয় যুব দিবস পালিত

“মুজিববর্ষের আহবান, যুব কর্মসংস্থান” এই শ্লোগানকে সামনে রেখে মেহেরপুরে বঙ্গবন্ধু জাতীয় যুব দিবস পালিত হয়েছে।

আজ রবিবার যুব উন্নয়ন অধিদপ্তরের যুব ভবনের হলরুমে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

মেহেরপুরের ভারপ্রাপ্ত জেলা প্রশাসক মৃধা মো: মোজাহিদুল ইসলামের এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে জুম অ্যাপের মাধ্যমে যুক্ত হন জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ও মেহেরপুর এক আসনের এমপি অধ্যাপক ফরহাদ হোসেন।

এ সময় তিনি বলেন, বাংলাদেশ যুবকদের হাত ধরে সামনের দিকে এগিয়ে যাচ্ছে। বর্তমানে যুব উন্নয়ন অধিদপ্তরের মাধ্যমে বেকার যুবকদের কর্ম দক্ষতা বৃদ্ধি করে উদ্যোক্তা হিসেবে গড়ে তুলতে ভূমিকা রাখছে। এখান থেকে কর্ম দক্ষতা বৃদ্ধির পাশাপাশি যুবঋণ দেওয়া হয় যাতে করে বেকার যুবকরা নিজেই উদ্যোক্তা হিসেবে গড়ে উঠতে পারে।

তিনি আরও বলেন, মেহেরপুরে বেকার সমস্যা দুর করতে মেহেরপুরে গড়ে তোলা হবে টেক্সটাইল ইনস্টিটিউট, নার্সিং ইনস্টিটিউট এ গুলো হলে আমাদের জেলায় বেকার কমে আসবে।

এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা আওয়ামী লীগের যুগ্ম-সাধারণ সম্পাদক অ্যাড. ইব্রাহিম শাহিন, প্রতিমন্ত্রীর বড় ভাই শহিদ সাদেক হোসেন বাবর, আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি আব্দুল হামিম, মেহেরপুর সরকারী কলেজের সহযোগী অধ্যাপক আব্দুল্লাহ আল-আমীন, যুব উন্নয়নের রিফ্রিজারেশন অ্যান্ড এয়ার কন্ডিশনিং এর প্রশিক্ষক আমিনুল ইসলাম সাগর, যুব উন্নয়নের সকল কর্মকর্তা, কর্মচারী সহ শিক্ষার্থী বৃন্দ।

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন যুব উন্নয়নের উপ-পরিচালক ফিরোজ হোসেন।

আলোচনা শেষে সনদ পত্র সহ যুবঋণের আওতায় সাত জন কে তিন লক্ষ টাকার চেক বিতরণ করা হয়।

অনুষ্ঠানটির সঞ্চালনায় ছিলেন, যুব উন্নয়নের কম্পিউটার ট্র্রেডের প্রশিক্ষক মাসুদ আল-আহসান নোবেল।

মেপ্র/আরপি